গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডুমুরিয়া, খুলনা।
www.dumuria.khulna.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০০.৫৫.০০৪.২৩-৩২(১০০) তারিখ ঃ ১৫ জানুয়ারী, ২০২৩ খ্রি.

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ০৬ আশ্বিন, ১৪১৮/২১ সেপ্টেম্বর ২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারিকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা মোতাবেক খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন নিম্নোক্ত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩০ সালের (০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) এক বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

## হাট-বাজারের নাম ঃ

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪৩০ সালের জন্য সরকারি মূল্য | দরপত্র সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ধামালিয়া হাট | ধামালিয়া | ১,৫২২/- | ৫০০/- |
| ০২ | কাটেংগা হাট | ঐ | ২৩৫/- | ৫০০/- |
| ০৩ | চেচুড়ী হাট | ঐ | ১৩৫/- | ৫০০/- |
| ০৪ | বরুনা হাট | ঐ | ৯১,৪৮০/- | ৫০০/- |
| ০৫ | শাহপুর হাট | রঘুনাথপুর | ১,৪৯,৯১,৭৫৭/- | ৩০,৬০০/- |
| ০৬ | থুকরা হাট | ঐ | ১,০৪,২৩৩/- | ১০০০/- |
| ০৭ | রঘুনাথপুর হাট | ঐ | ৬১,৮৩০/- | ৫০০/- |
| ০৮ | রুদাঘরা হাট | রুদাঘরা | ৮৬৭/- | ৫০০/- |
| ০৯ | মিকসিমিল হাট | ঐ | ৬৯,৫১৮/- | ৫০০/- |
| ১০ | ঘাসানপুর হাট | ঐ | ২,৫৬০/- | ৫০০/- |
| ১১ | শোলগাতিয়া হাট | ঐ | ২২,৫৮০/- | ৫০০/- |
| ১২ | খর্ণিয়া হাট | খর্ণিয়া | ৫৪,৪৫,৭০০/- | ১১,৬০০/- |
| ১৩ | টিপনা হাট | ঐ | ১৫,০০০/- | ৫০০/- |
| ১৪ | চুকনগর হাট | আটলিয়া | ৬৬,৫৭,৩৯১/- | ১৪,০০০/- |
| ১৫ | কাঠালতলা হাট | ঐ | ২২,৪৩৭/- | ৫০০/- |
| ১৬ | বয়ারসিং হাট | ঐ | ১,০২০/- | ৫০০/- |
| ১৭ | আঠারো মাইল হাট | মাগুরাঘোনা | ৫৯,১৮,৬৮৭/- | ১২,৬০০/- |
| ১৮ | মাদারতলা হাট | শোভনা | ৫৫,৫৬৫/- | ৫০০/- |
| ১৯ | জিয়ালতলা হাট | ঐ | ১৯৩/- | ৫০০/- |
| ২০ | গাবতলা হাট | ঐ | ১৭,৫৮০/- | ৫০০/- |
| ২১ | শোভনা পশ্চিমপাড়া হাট | ঐ | ৪,০৬৩/- | ৫০০/- |
| ২২ | বানিয়াখালি হাট | করাফপুর | ২,৯১,৮৭১/- | ১২০০/- |
| ২৩ | শরাফপুর হাট | ঐ | ৪০,৪৫৭/- | ৫০০/- |
| ২৪ | বসুন্দিয়াডাঙ্গা হাট | ঐ | ২৬,৮৯০/- | ৫০০/- |
| ২৫ | নোয়াকাটি হাট | সাহস | ২৮,৯৯৫/- | ৫০০/- |
| ২৬ | নোয়াকাঠি মাঠের হাট | ঐ | ৬৩৬/- | ৫০০/- |
| ২৭ | কাঞ্চননগর হাট | ভান্ডারপাড়া | ৭,৭৯১/- | ৫০০/- |
| ২৮ | বান্দা হাট | ঐ | ১২৩৭/- | ৫০০/- |
| ২৯ | মইখালি হাট | ঐ | ৭,৪২৩/- | ৫০০/- |
| ৩০ | ডুমুরিয়া হাট | ডুমুরিয়া | ১৬,১৯,৯৬৩/- | ৪,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩১ | রংপুর কাটাখাল হাট | ওংপুর | ৭,১৫৫/- | ৫০০/- |
| ৩২ | শলুয়া হাট | ঐ | ১৪,৯১৬/- | ৫০০/- |
| ৩৩ | গুটুদিয়া হাট | গুটুদিয়া | ২৫,৬১৭/- | ৫০০/- |
| ৩৪ | শিবনগর হাট | মাগুরখালি | ১৫,১৯৩/- | ৫০০/- |
| ৩৫ | কাঠালিয়া হাট | ঐ | ৩,৬৭৫/- | ৫০০/- |

শর্তাবলি ঃ

০১। বাংলা ১৪৩০ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফশিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা এর অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। গৃহীতব্য দরপত্রের সাথে জমাকৃত ৩০% টাকা হতে ২৫% টাকা ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% টাকা জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বাংলা বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা ইজারাদারকে প্রত্যার্পন করা হবে।

০৩। প্রাপ্ত দরপত্রের সর্ব্বোচ্চ দর কর্তৃপক্ষ উপযুক্ত মনে করলে গ্রহণ করবেন। দুই বা ততোধিক দরপত্র দাতার দরপত্রে উল্লিখিত সর্ব্বোচ্চ দর একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

০৪। যার দরপত্র অনুমোদিত হবে তাকে তাৎক্ষণিক লিখিতভাবে জানানো হবে। দরপত্র দাতা অবহিত হবার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত মূল্যের অবশিষ্ট ৭৫% টাকা পরিশোধ করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিলসহ জামানত বাজেয়াপ্ত করা হবে।

০৫। অনুমোদন প্রাপ্ত দরপত্র দাতাকে অবহিত হবার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রের উল্লিখিত ইজারা মূল্যের ১০% টাকা আয়কর এবং ১৫% টাকা মূল্য সংযোজন কর (ভ্যাট) হিসেবে নির্ধারিত কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের কপি অত্রাফিসে দাখিল করতে হবে।

০৬। ইজারাদারকে উপরোক্ত সমুদয় টাকা (ভ্যাট, আয়করসহ) পরিশাধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত ফরমে চুক্তিপত্র সম্পাদন করে হাট-বাজারের দখল বুঝে নিতে হবে।

০৭। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। প্রত্যেক বাজারের জন্য আলাদা সিলমোহরকৃত দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক দরপত্র ক্রয় ও দাখিল করতে হবে। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

১০। সরকার অনুমোদিত রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। টোল আদায়ে রেট তালিকা আকারে হাট-বাজারের দৃশ্যমান স্থানে সর্বসাধারণের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক নিজ খরচায় টাংগিয়ে রাখতে হবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে টোল আদায়ের রেইট কোন প্রকার পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না।

১১। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১২। ইজারাদার কর্তৃক নিয়মিতভাবে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

১৩। ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত হাট-বাজার সাব-লীজ দিতে পারবেন না।

১৪। হাট-বাজারের সীমানা বহাল রাখতে হবে। কোন অবৈধ ঘর নির্মাণ করা যাবে না। টোল আদায় ব্যতীয় হাট-বাজারের কোন জায়গা অন্য কাজে ব্যবহার করা যাবে না।

১৫। হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬। উদ্ধৃত দরের টাকার পরিমাণ অংক ও কথায় পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে এবং কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা বা লেখার উপর লেখা বা স্বাক্ষরবিহীন দরপত্র গ্রহণযোগ্য নয়।

১৭। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৮। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। ইজারা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## দরপত্র (সিডিউল) প্রাপ্তির এবং দাখিলের স্থান ও তারিখ ঃ

ক) দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, খুলনা/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ডুমুরিয়া/সহকারী কমিশনার (ভূমি), ডুমুরিয়া/সোনালী ব্যাংক লিমিটেড, ডুমুরিয়া শাখা, ডুমুরিয়া/ডুমুরিয়া থানা, খুলনা হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) সংগ্রহ করা যাবে।

খ) দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, ডুমুরিয়া/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ডুমুরিয়া/সহকারী কমিশনার (ভূমি), ডুমুরিয়া এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে দাখিল করা যাবে।

গ) দরপত্র পর্যায়ক্রমে নিম্নবর্ণিত তারিখ ও সময়ের মধ্যে যথাক্রমে ১ম , ২য়, ৩য় ৪র্থ পর্যায়ের মতো গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, ১ম পর্যায়ে দাখিলকৃত দরপত্রের দর সন্তোষজনক না হলে বা পাওয়া না গেলে ২য় পর্যায় এবং অনুরূপভাবে ২য় পর্যায় দরপত্র আহবানে দরপত্র পাওয়া না গেলে বা দরপত্র দর সন্তোষজনক না হলে ৩য় পর্যায় সিডিউল গ্রহণ করা যাবে।

ঘ) তফশিল মোতাবেক ১ম পর্যায় দরপত্র আহবানে কোন হাট-বাজারের ইজারা সম্পন্ন হলে তা ২য় পর্যায় দরপত্র আহবানের তফশিল হতে বাদ বলে গণ্য হবে। অনুরূপভাবে ২য় পর্যায় ও ৩য় পর্যায় দরপত্র আহবানে কোন হাট-বাজার ইজারা হলে তা তৎপরবর্তী সিডিউল হতে উক্ত হাট-বাজারের নাম বাদ বলে গণ্য হবে।

দরপত্র ক্রয়, দাখিল এবং দরপত্র খোলার তারিখ ও সময়সূচি ঃ

| পর্যায় সমূহ | দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ২৯/০১/২০২৩ খ্রি. তারিখ হতে ০৬/০২/২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৭/০২/২০২৩ খ্রি. তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ০৭/০২/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৩.৩০ টা |
| ২য় পর্যায় | ১২/০২/২০২৩ খ্রি. তারিখ হতে ২০/০২/২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৩/০২/২০২৩ খ্রি. তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ২৩/০২/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৩.৩০ টা |
| ৩য় পর্যায় | ২৮/০২/২০২৩ খ্রি. তারিখ হতে ০৬/০৩/২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৭/০৩/২০২৩ খ্রি. তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ০৭/০৩/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৩.৩০ টা |
| ৪র্থ পর্যায় | ১২/০৩/২০২৩ খ্রি. তারিখ হতে ১৯/০৩/২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২০/০৩/২০২৩ খ্রি. তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ২০/০৩/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৩.৩০ টা |

কোন পর্যায়ে দরপত্র অনুমোদন হলে পরবর্তী পর্যায়গুলিতে ঐ সমস্ত হাটের দরপত্র সিডিউল বিক্রি করা হবে না।

(শরীফ আসিফ রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা।
ফোন ঃ ০২৪৭৭৭৩২১০৬

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০০.৫৫.০০৪.২৩-৩২(১০০)

তারিখ ঃ ১৫ জানুয়ারী, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। জেলা প্রশাসক, খুলনা।
২। পুলিশ সুপার, খুলনা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা কালেক্টরেট, খুলনা। নির্ধারিত তারিখে একটি দরপত্র বাক্স স্থাপন করতে এবং কোন দরপত্র

৫। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব), খুলনা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা।

৭। উপজেলা নির্বাহী অফিসার .................. (সকল), বাগেরহাট।

৮। সহকারী কমিশনার(ভূমি), খুলনা। নির্ধারিত তারিখে একটি দরপত্র বাক্স স্থাপন করতে এবং কোন দরপত্র পাওয়া গেলে উহা নির্ধারিত সময়ের মধ্যে অত্রাফিসে প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

৯। অফিসার ইন-চার্জ, ডুমুরিয়া থানা। তাকে দরপত্র দাখিলের এবং দরপত্র খোলার তারিখ প্রয়োজনীয় সংখ্যক পুশিল ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।

১০। উপজেলা ..................অফিসার, ডুমুরিয়া, খুলনা। অবগতি ও বহুল প্রচারের জন্য।

১১। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, ডুমুরিয়া, খুলনা।

১২। চেয়ারম্যান/সচিব ...............(সকল) ইউনিয়ন পরিষদ। এ সাথে ১০(দশ) কপি বিজ্ঞপ্তি প্রেরণ করা হলো। ইউনিয়নের গুরুত্বপূর্ণস্থানে লটকিয়ে এবং হাট-বাজারে ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

১৩। সম্পাদক, ................, খুলনা/ঢাকা। বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ০১(এক) দিনের জন্য সীমিত পরিসরে (১০" X ৩") প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৪। নোটিশ বোর্ড

১৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা।
ফোন ঃ ০২৪৭৭৭৩২১০৬